

## এখন কেন এলি

এখন কেন এলি-  
দুপুর গেল, বিকেল গেল  
সন্ধ্যা হবো হবো,  
ভালবাসার দীর্ঘ খেলার  
সময় কি আর পাবো !

এলিই যদি শেষে,  
ক্যান এলিনা থাকতে বেলা  
কাটতো ভালবেসে ।  
বুথাই গেল দুপুর বিকেল  
শূন্য হৃদয় নিয়ে,  
শেষ বেলাতে ভরবো ঝাঁপি  
কোন পসরা দিয়ে !

এখন কেন এলি-  
বার বেলাতে হার মানাতে  
দেখা কেন দিলি !  
পর-বেলাতে তোর সাথে হয়  
কোন খেলাটা খেলি !

ঢাকা : ২৪.০১.২০০৭

মুহম্মদ অবদুস সালাম